



সোসাল এডভান্সমেন্ট ফ্রন্ট ইউনিট (সেতু) নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং: সেতু/নিয়োগ/২০২২-২০০৪

তারিখঃ ০১ আগস্ট ২০২২ খ্রি.

সোসাল এডভান্সমেন্ট ফ্রন্ট ইউনিট (সেতু), জাতীয় পর্যায়ে একটি বে-সরকারী উন্নয়ন সংস্থা, যা ১৯৯১ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষা ও জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেসপন্সটরী অথরিটি (সনদ নং- ০০০০০৪৭) এবং এনজিও বিষয়ক ব্যুরোর (সনদ নং-৭৯৫) সনদ প্রাপ্ত। সেতু, মাঠ পর্যায়ে টাংগাইল, মানিকগঞ্জ, ঢাকা, গাজীপুর, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, সিরাজগঞ্জ ও বগুড়াসহ মোট ৯টি জেলায় সমন্বিত উন্নয়ন ও ক্ষুদ্রঋণ কর্মসূচি বাস্তবায়ন করছে। উক্ত ঋণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে জরুরী ভিত্তিতে নিম্নে বর্ণিত পদ ও শর্তে বেশ কিছুসংখ্যক উন্নয়ন কর্মী নিয়োগ করা হবে। বর্ণিত পদে নিয়োগ পেতে আগ্রহী, সৎ, পরিশ্রমী ও উদ্যমী প্রার্থীদের নিকট থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	বেতন সর্বসাকুল্যে
০১	এরিয়া ম্যানেজার, গ্রেড-৭.বি (পিকেএসএফ এর অর্ধায়ে পরিচালিত যে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে এরিয়া ম্যানেজার পদে ২ বছর অথবা শাখা ব্যবস্থাপক পদে কমপক্ষে ৫ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ আবেদন পত্রে থাকতে হবে।)	২০টি	অনুর্ধ্ব ৪০ বছর	স্নাতকোত্তর পাশ প্রার্থীকে মোটর সাইকেল চালনায় সম্মতসহ নিজস্ব মোটর সাইকেল ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বেসিক কম্পিউটার (ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট ব্রাউজিং) জানতে হবে।	বেতন: শিক্ষানবিশকালীন ৩৫,০০০/-টাকা এবং নিয়মিত হলে ৪০,৩০০/- টাকা, মোবাইল বিল ৫০০/-টাকা এবং জ্বালানী খরচ প্রতি কি.মি. ৩/-টাকা হারে প্রতিমাসে প্রদান করা হবে।
০২	শাখা ব্যবস্থাপক, গ্রেড-৮.বি (যে কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে শাখা ব্যবস্থাপক পদে কমপক্ষে ২ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ আবেদন পত্রে থাকতে হবে।)	৩০টি	অনুর্ধ্ব ৪০ বছর	স্নাতকোত্তর পাশ প্রার্থীকে মোটর সাইকেল চালনায় সম্মতসহ নিজস্ব মোটর সাইকেল ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বেসিক কম্পিউটার (ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট ব্রাউজিং) জানতে হবে।	বেতন: শিক্ষানবিশকালীন ২৪,০০০/-টাকা এবং নিয়মিত হলে ৩২,৯০০/- টাকা, মোবাইল বিল ৩৫০/- টাকা এবং জ্বালানী খরচ প্রতি কি.মি. ৩/-টাকা হারে প্রতিমাসে প্রদান করা হবে।
০৩	ক্রেডিট অফিসার, গ্রেড-১০.বি	২০০টি	২২-৩২ বছর	ন্যূনতম স্নাতক পাশ (প্রার্থীকে বাই-সাইকেল/মোটর সাইকেল চালনায় সম্মতসহ নিজস্ব বাইসাইকেল/মোটর সাইকেল থাকতে হবে।)	বেতনঃ প্রশিক্ষণকালীন ১ (এক) মাস ১০,০০০/- টাকা বেতন প্রদান করা হবে। পরবর্তী ৬ মাস শিক্ষানবিশকালীন সময়ে ১৬০০০/-টাকা এবং নিয়মিত হলে ২১,৯০০/-টাকা প্রদান করা হবে।

শর্তাবলী

- প্রার্থীকে আবেদন পত্র স্ব-হস্তে লিখতে হবে। আবেদন পত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা (পাশের সন ও প্রাপ্ত বিভাগ/জিপিএ সহ), জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, অভিজ্ঞতা, সচল মোবাইল নাম্বার উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সঙ্গে সদ্যতোলা দুই কপি পাসপোর্ট সাইজের রশ্মি ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের অনুলিপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র/ভোটার আইডি কার্ডের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ক্রেডিট অফিসার, গ্রেড-১০.বি পদে নির্বাচিত প্রার্থীকে নিয়োগের পর প্রথম ১ (এক) মাস প্রশিক্ষণার্থী হিসেবে কাজ করতে হবে। প্রশিক্ষণকাল সফলতার সংগে শেষ হলে, তাঁকে শিক্ষানবিশ ক্রেডিট অফিসার পদে উন্নীত করা হবে। শিক্ষানবিশকাল সফলতার সংগে শেষ হলে, মূল্যায়নের ভিত্তিতে নিয়মিত করা হবে।
- সকল পদে শিক্ষানবিশকাল ৬ (ছয়) মাস। শিক্ষানবিশকাল সফলতার সাথে উত্তীর্ণ হওয়ার পর সংস্থার নিয়ম অনুযায়ী চাকুরিতে নিয়মিতকরণ করা হবে। নিয়মিত হলে প্রজিডেন্ট ফান্ড (কন্সিউটিভরি), গ্র্যাচুইটির সুবিধা (চাকুরীকাল ৫ বছর পূর্ণ হলে ১টি, ১০ বছরে ২টি ও ১৫ বছরে ৩টি করে সর্বশেষ মূল বেতন প্রদান করা হবে) ও বছরে ৩ (তিন)টি উৎসব ভাতা (মূল বেতনের সমান ২টি পূর্ণ ও ১টি মূল বেতনের ৫০%) প্রদান করা হবে।
- নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় ১নং পদের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ২নং পদের জন্য ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং ৩নং পদের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা জামানত (ফেরতযোগ্য) সংস্থার প্রধান কার্যালয়ের হিসাব বিভাগে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।
- প্রার্থীকে আবেদন পত্রের সংগে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা "সোসাল এডভান্সমেন্ট ফ্রন্ট ইউনিট (সেতু)" এই নামে সোনালী ব্যাংক লি., টাংগাইল বাজার শাখা, টাংগাইল, হিসাব নং-৬০২-৬০০-১০০-১৩৪৪-এ অন লাইনে জমা দিয়ে জমার রশিদ সংযুক্ত করতে হবে অথবা সংস্থার মার্চেন্ট বিকাশ নাম্বারে (০১৮৮১-০০৯৮৮০) ২০৫/- (দুইশত পাঁচ) টাকা (রেফারেন্স এ নিজ মোবাইল নাম্বার উল্লেখ করে) প্রদান করে Transaction ID নাম্বার আবেদন পত্রে উল্লেখ করতে হবে।
- আগামী ২০/০৮/২০২২খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে/হাতে হাতে অফিস চলাকালীন সময়ে সহকারী পরিচালক (মানব সম্পদ) বরাবরে সোসাল এডভান্সমেন্ট ফ্রন্ট ইউনিট (সেতু), প্রধান কার্যালয়, সেতু টাওয়ার, মেইন রোড, টাংগাইল এই ঠিকানায় আবেদন পত্র পৌছাতে হবে। শর্তাবলীপূরণে অক্ষম প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। আবেদনকারী ১-২নং পদের প্রার্থীদের লিখিত, মৌখিক ও কম্পিউটার টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ৩নং পদের প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার TA/DA প্রদান করা হবে না।

সহকারী পরিচালক (মানব সম্পদ)

সোসাল এডভান্সমেন্ট ফ্রন্ট ইউনিট (সেতু), টাংগাইল।